

DHUPGURI SCIENCE CLUB: Dhupguri , Jalpaiguri

For assistance, please call Partha Ghosh, Dept of Physics @ 9832337899

১। সঠিক উত্তরটি নির্বাচন করো :-

১×১৭=১৭

১.১) “যারা হাজার বছর ধরে ডুবে ছিলো ধ্যানে” — তারা কারা?

ক) যোগী (খ) সাধারণ মানুষ (গ) নায়ক-নায়িকা (ঘ) দেবতা।

১.২) কাজী নজরুল ইসলাম-এর প্রথম প্রকাশিত কবিতাটি হলো —

ক) প্রলয়োল্লাস (খ) বিদ্রোহী (গ) মুক্তি (ঘ) ফণীমনসা।

১.৩) অস্ত্রের বিরুদ্ধে গান কবিতায় যে পাখিগুলি না আছে —

ক) শকুন, চিল, টিয়া, কোকিল (খ) শকুন, কোকিল, চিল, ময়ূর

গ) শকুন, ময়ূর, টিয়া, কোকিল (ঘ) শকুন, চিল, কাক, কোকিল।

১.৪) ‘না গিয়ে উপায় কী? — কোথায় যাওয়ার কথা বলা হয়েছে?

ক) হরিদার কাছে (খ) জগদীশবাবুর কাছে (গ) অনাদির কাছে (ঘ) কাশীনাথের কাছে।

১.৫) মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রথম উপন্যাস —

ক) জননী (খ) অতসী মামী (গ) দিবারাত্রির কাব্য (ঘ) হলুদ পোড়া।

১.৬) “উনি ভুরু কুঁচকোলেন” — উনি হলেন—

ক) অমৃতের বাবা (খ) অমৃতের মামা (গ) ইসাবের বাবা (ঘ) ইসাবের মা।

১.৭) রাজশেখর বসুর রচিত অবিস্মরণীয় কীর্তি হলো —

ক) বাল্মীকি রামায়ণ (খ) লঘুগুরু (গ) বিচিন্তা (ঘ) চলন্তিকা।

১.৮) কেরি সাহেবের মুনশি যাঁকে বলা হয় তিনি হলেন —

ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (খ) রামরাম বসু (গ) দু’জনকেই (ঘ) কেউই নন।

১.৯) সাধারণ পাঠকের পক্ষে অনিষ্টকর লেখাটি হোল —

ক) ওজন গ্যাস স্বাস্থ্যকর (খ) সুগ্রাহী কাগজ

গ) কুমড়ো জাতীয় গাছে দু’রকম ফুল হয় (ঘ) জল আর কর্পূর উবে যায়।

১.১০) তুমি এলে আমি যাবো। তুমি হলো —

ক) অনুক্ত কর্তা (খ) উক্ত কর্তা (গ) নিরপেক্ষ কর্তা (ঘ) উপবাক্যীয় কর্তা।

১.১১) আমাদের ইতিহাস নেই, নিম্নরেখ পদটি —

ক) কর্তৃকারক (খ) কর্মকারক (গ) সম্বন্ধ পদ (ঘ) অধিকরণ কারক।

১.১২) সমাসে — (ক) দুটি বর্ণের অর্থপূর্ণ মিলন হয় (খ) দুটি বর্ণের অর্থহীন মিলন হয়

(গ) দুয়ের বেশি পদের মিলন হয় না (ঘ) দুই বা তার বেশি পদের একপদে মিলন হয়।

১.১৩) বুড়োমানুষের কথাটা শুনো — রেখাঙ্কিত পদটি যে সমাসের উদাহরণ — (ক) বহুব্রীহি

সমাসের (খ) কর্মধারয় সমাসের (গ) তৎপুরুষ সমাসের (ঘ) অব্যয়ীভাব সমাসের।

১.১৪) বিদ্যালয়ে পড়াশুনা শুরু হল, যারা দশম শ্রেণির ছাত্রছাত্রী তারা পাঠে খুবই মনস্ক। গঠনানুযায়ী

বাক্যটি — (ক) সরলবাক্য (খ) মিশ্রবাক্য (গ) যৌগিক বাক্য (ঘ) জুটিলবাক্য।

১.১৫) আজ হয়তো আর বৃষ্টি আসবে না। এটি যে ধরনের বাক্য তা হল —

ক) প্রশ্নবোধক (গ) সন্দেহবাচক (গ) আবেগসূচক (ঘ) প্রার্থনাসূচক।

১.১৬) কর্তৃবাচ্যে ক্রিয়া সকর্মক হলে তার পরিবর্তিত রূপকে বলে —

ক) কর্মবাচ্য (খ) ভাববাচ্য (গ) কর্মকর্তৃবাচ্য (ঘ) কর্মভাববাচ্য।

১.১৭) কর্মবাচ্যের কর্তাকে বলে —

ক) উক্তকর্তা (খ) সহযোগী কর্তা (গ) অনুক্তকর্তা (ঘ) ব্যতিহার কর্তা।

২। কমবেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :-

১×১৯=১৯

২.১) যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :-

৪×১

২.১.১) “মেসো অবশ্য মৃদু মৃদু হাসেন।” — মেসোর মৃদু হাসির কারণ কী?

২.১.২) “চমকে ওঠে ভবতোষ।” — কী দেখে চমকে ওঠে ভবতোষ?

২.১.৩) “মিথ্যেবাদী কোথা কার।” — কথাটি কোন পরিস্থিতিতে উঠেছে?

২.১.৪) “ওরা ভয়ে কাঁঠ হয়ে গেল।” — ওদের ওরকম অবস্থার কারণ কী?

২.১.৫) “সে প্রায় কাঁদিয়া ফেলিয়াছিল।” — তার কাঁদার কারণ কী?

২.২) যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :-

১×৪

২.২.১) ‘মিষ্টি বাড়ি’র আশেপাশে যা ছিল তার বর্ণনা দাও।

২.২.২) “এ-মুহূর্তে মরে যাব না কি?” — এই আশঙ্কা কেন?

২.২.৩) ‘হায় ছায়াবৃত্তা’ — কাকে কেন ‘ছায়াবৃত্তা’ বলা হয়েছে?

২.২.৪) “ওরে ওই হাসছে ভয়ংকর” — ভয়ংকর হাসছে কেন?

২.২.৫) “রক্ত মুছি শুধু গানের গায়ে” — এই ‘রক্ত’ কীসের রক্ত?

২.৩) যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :-

১×৩

২.৩.১) প্রথমে ফাউন্টেন পেনের নাম কী ছিল?

২.৩.২) ‘আশ্চর্য সবই আজ অবলুপ্তির পথে।’ — আজ কী অবলুপ্তির পথে?

২.৩.৩) ‘তার ফলে তাঁদের চেষ্টা অধিকতর সফল হয়েছে।’ — ‘তার ফলে’ বলতে কী বোঝানো হয়েছে?

২.৩.৪) ‘তখন বৈজ্ঞানিক সাহিত্য রচনা সুসাধ্য হবে।’ — তখন বলতে কখন?

২.৪) যে কোনো আটটি প্রশ্নের উত্তর দাও :-

১×৮

২.৪.১) কর্মবাচ্যের ক্রিয়াপদের দুটি বৈশিষ্ট্য লেখো।

২.৪.২) “গান জানি একটা - দুটো” — বাক্যটির বাচ্যান্তর করো।

২.৪.৩) সে তখন যেতে পারবে না। — ইতিবাচক বাক্যে পরিবর্তন করো।

২.৪.৪) উদাহরণ সহ কার্যকারণবাক্য সম্বন্ধে আলোচনা করো।

২.৪.৫) উপমান ও উপমিত কর্মধারয় সমাসের মধ্যে প্রধান পার্থক্যটি লেখো।

২.৪.৬) ‘হাঁটা হাঁটি’ পদটির ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করো।

২.৪.৭) রামবাবু সবুজ বাঁচাও অভিযান শুরু করেন — রেখাঙ্কিত বাক্যাংশটি ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করো।

২.৪.৮) বিভক্তি প্রধান দুটি কারকের নাম লেখো।

২.৪.৯) যন্ত্রাত্মক করণ ও উপায়াত্মক করণের প্রধান পার্থক্যটি উদাহরণ সহ বুঝিয়ে দাও।

২.৪.১০) ঘরের লোক বাইরে গেছে। রেখাঙ্কিত পদ দুটির কার/সম্বন্ধ নির্ণয় করো।

৩। প্রসঙ্গ নির্দেশ সহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও :-

৩+৩=৬

৩.১) যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :-

3×1

৩.১.১) “সে সেইখানে গিয়া বসিল।” — ‘সেইখানে’ বলতে কোনখানে এবং সেখানে সে কী করেছিল সংক্ষেপে লেখো।

1+2

৩.১.২) “এটা আমার প্রাণের অনুরোধ” — অনুরোধটি কী? সেই অনুরোধ কেন রক্ষিত হয়েছিল বা হয়নি তা লেখো।

1+2

৩.২) যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :-

3×1

৩.২.১) “শ্রীযুত মাগন গুণী” — ‘মাগন গুণী কে? কেন তাঁর প্রসঙ্গ কবিতায় উত্থাপিত হয়েছে?

৩.২.২) “গানের বর্ম আজ পরেছি গায়ে” — ‘গানের বর্ম’ কী? কেন তিনি তা পরেছেন? 1+2

৪। কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :-

৫

৪.১) আশাপূর্ণ দেবী রচিত ‘জ্ঞানচক্ষু গল্পে জ্ঞানচক্ষু বলতে কী বোঝানো হয়েছে? গল্পে কীভাবে তপনের জ্ঞানচক্ষু খুলে গিয়েছিল?

1+8

৪.২) ‘বাবুটির স্বাস্থ্য গেছে কিন্তু শখ ষোল আনাই বজায় আছে’ - বাবুটি কে? তার সাজ সজ্জার পরিচয় দাও।

1+8

৫। কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :-

৫

৫.১) “সেই মেয়েটির মৃত্যু হলো না।” — কোন মেয়েটির কথা বলা হয়েছে? মেয়েটি কোন অবস্থায় রয়ে গেল, লেখো।

2+3

৫.২) “তারপর যুদ্ধ এলো” - তারপর বলতে কোন সময়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে? যুদ্ধে পরিনতি কী হয়েছিল?

2+3

৬। কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :-

৫

৬.১) “আমরা কালিও তৈরি করতাম নিজেরাই” — লেখক এবং তাঁর সঙ্গীরা কীভাবে কালি তৈরি করতে তা প্রবন্ধানুসারে লেখো।

৫

৬.২) ‘বাংলা ভাষায় বিজ্ঞান চর্চায় এখনো নানা রকম বাধা আছে’- বাধা গুলি কি কি? সেই বাধাগুলি দূর করার জন্য প্রাবন্ধিক কোন্ কোন্ দিকের প্রতি ইঙ্গিত করেছেন?

2+3

৭। কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :-

৪

৭.১) “আজ কার রক্ত সে চায়!” “সে” কে? আলোচ্য সংলাপটির মাধ্যমে নাট্যকারের বক্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।

1+3

৭.২) ‘সিরাজদৌল্লা’ নাট্যাংশ অবলম্বনে সিরাজদৌলার চারিত্রিক বৈশিষ্ট্য আলোচনা করো।

৪

৮। কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :-

৫×২=১০

৮.১) ‘ফাইট কোনি ফাইট’- সাধারণ সাঁতারু থেকে চ্যাম্পিয়ন হয়ে উঠতে কোনিকে কী ধরনের ফাইট করতে হয়েছিল লেখো।

৫

৮.২) ‘অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল’ - কোনি কী ভাবে বাংলা সাঁতার দলে জায়গা পেলো? ৫

৮.৩) “ওইটেই তো আমি রে, - - -।” — বক্তা কে? আমার পরিচয় দাও এবং মন্তব্যটির অন্তর্নিহিত অর্থটি ব্যাখ্যা করো। ১+২+২

৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো :- ৪

The television is one of the wonderful words of science.

The television is a source of great enjoyment and entertainment.

The television is also an effective medium of education.

But the television is not all good.

১০। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও কম-বেশি ১৫০টি শব্দে :- 5x1

১০.১) ছাত্রজীবনে মুঠোফোন বা চলভাষের প্রভাব নিয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো। প্রতিবেদন

১০.২) প্লাস্টিক দূষণ নিয়ে দুই বন্ধুর কাল্পনিক ^ রচনা করো।

১১। কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো :- 10

১১.১) বিজ্ঞান ও কুসংস্কার।

১১.২) বঙ্গে উৎসব — মেলা ও সংহতি।

১১.৩) ছাত্রসমাজের দায়িত্ব কর্তব্য।

১১.৪) একটি বটগাছের আত্মকথা।

Dhupguri Science Club

(Registered Space Tutor of ISRO)



Dhupguri Science Club 1
(Registered Space Tutor of ISRO)

WhatsApp group



Dhupguri Science Club 2
(Registered Space Tutor of ISRO)

WhatsApp group



Scan this QR code using the **WhatsApp camera** to join Dhupguri Science Club WhatsApp group

মাধ্যমিক 2026 পরীক্ষার্থীদের পাশে থাকার লক্ষ্যে সহায়তা শিবির

DATE : 04.01.2026 (রবিবার) ; **TIME :** 10AM ; **VENUE :** ধূপগুড়ি হাই স্কুল , ধূপগুড়ি , জলপাইগুড়ি

পরিচালনায় : DHUPGURI SCIENCE CLUB , ধূপগুড়ি , জলপাইগুড়ি

Scan this QR code using the WhatsApp
camera to join Dhupguri Science Club
WhatsApp group



For Assistance WhatsApp : 9832337899

Dhupguri Science Club 1
(Registered Space Tutor of ISRO)
WhatsApp group

